

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০০.৩৩.০০১.২২.৩০৫

তারিখ: ১৭ মাঘ ১৪২৮

৩১ জানুয়ারি ২০২২

বিষয়: স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে কর্মসূচি গ্রহণ।

বাঙালী জাতির সর্বশ্রেষ্ঠ অর্জন মহান স্বাধীনতা। এ জাতির জাতিসত্তা রক্ষা, আর্থ-সামাজিক, সাংস্কৃতিক ও রাজনৈতিক অস্তিত্ব পুনরুদ্ধারে এ দেশের আপামর জনসাধারণ ১৯৭১ সালের অগ্নিবারা মার্চে মহান মুক্তিযুদ্ধ শুরু করে। অগনিত মানুষের জীবন ও চরম আত্মত্যাগের মাধ্যমে অর্জিত হয় আমাদের স্বাধীনতা। স্বাধীনতার পঞ্চাশ বছর পূর্তিতে জাতীয়ভাবে সাড়ম্বরে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন করা হচ্ছে।

০২।

স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের নিমিত্ত গঠিত মন্ত্রিসভা কমিটি কর্তৃক গৃহিত ৫০টি কর্মসূচি মন্ত্রণালয় প্রধানমন্ত্রী কর্তৃক সানুগ্রহ অনুমোদিত হয়েছে (সংলাগ- ১)। তন্মধ্যে নিম্নে উল্লেখিত কর্মসূচি বাস্তবায়নে জেলা/উপজেলা প্রশাসন মুখ্য ভূমিকা পালন করতে পারে।

অনুমোদিত কর্মসূচির ক্রমিক নং	কর্মসূচির বিবরণ
৯.	মুক্তিযুদ্ধ ভিত্তিক জাতীয় কুইজ/রচনা প্রতিযোগিতা/সংগীত/নৃত্য/চিত্রাঙ্কন ইত্যাদি প্রতিযোগিতার আয়োজন করা। প্রতিযোগিতায় অংশগ্রহনকারীদের জন্য উপজেলা থেকে শুরু করে জাতীয়ভাবে সেরাদের পুরস্কৃত করা।

০৩। এমতাবস্থায়, উপরে বর্ণিত কর্মসূচি বাস্তবায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নিম্নে বর্ণিত শর্তাদি/বিষয়সমূহ অনুসরণ করতে হবে।

(ক) প্রাথমিক শিক্ষা, মাধ্যমিক শিক্ষা এবং উচ্চ মাধ্যমিক শিক্ষা এই তিন গুপে নিম্নে বর্ণিত বিষয়ে উপজেলা, জেলা ও জাতীয় পর্যায়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

প্রতিযোগিতার গুপ	বিষয়
প্রাথমিক শিক্ষা	কুইজ, সংগীত, নৃত্য, চিত্রাঙ্কন
মাধ্যমিক শিক্ষা	কুইজ, রচনা, সংগীত, নৃত্য
উচ্চ মাধ্যমিক শিক্ষা	কুইজ, রচনা, সংগীত, নৃত্য

উপজেলা পর্যায়ের প্রতি গুপের বিভিন্ন বিষয়ের প্রতিযোগিতায় ১ম স্থান অর্জনকারীগণ জেলা পর্যায়ের প্রতিযোগিতায় এবং জেলা পর্যায়ের প্রতি গুপের বিভিন্ন বিষয়ের প্রতিযোগিতায় ১ম স্থান অর্জনকারীগণ জাতীয় পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।

(খ) আগামী ১৪ ফেব্রুয়ারি ২০২২ তারিখের মধ্যে আবশ্যিকভাবে উপজেলা পর্যায়ের প্রতিযোগিতা এবং আগামী ২৩ ফেব্রুয়ারি ২০২২ তারিখের মধ্যে আবশ্যিকভাবে জেলা পর্যায়ের প্রতিযোগিতা সম্পন্ন করতে হবে। আগামী ২৪ মার্চ ২০২২ তারিখ প্রতিযোগিতার সমাপনী অনুষ্ঠান ঢাকায় অনুষ্ঠিত হবে।

(গ) জেলা পর্যায়ের প্রতিযোগিতা সমাপ্ত হবার পরবর্তী কর্মদিবসেই প্রতি গ্রুপে বিভিন্ন বিষয়ে ১ম স্থান অর্জনকারী প্রতিযোগীদের তালিকা (নাম, পিতার নাম, মাতার নাম, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, শ্রেণি, জন্মতারিখ, জন্মসনদের কপি, প্রতিযোগির ৩ কপি পাসপোর্ট সাইজ ছবি, পিতা ও মাতার জাতীয় পরিচয় পত্রের কপিসহ) সংশ্লিষ্ট জেলা প্রশাসক মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

(ঘ) উপজেলা পর্যায়ের প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্ন করার নিমিত্ত নিম্নরূপভাবে একটি উপজেলা কমিটি গঠন করতে হবে।

উপজেলা নির্বাহী কর্মকর্তা ----- সভাপতি

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ----- সদস্য

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ----- সদস্য

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ----- সদস্য

উপজেলা শিক্ষা কর্মকর্তা ----- সদস্য-সচিব

কমিটির কর্মপরিধিঃ (১) উপজেলা পর্যায়ের প্রতিযোগিতা অনুষ্ঠানের স্থান নির্ধারণ।

(২) প্রতি গ্রুপের বিভিন্ন বিষয়ের প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্ন করণ।

(৩) কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনে সদস্য কো-অপ্ট করণ।

(ঙ) জেলা পর্যায়ের প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্ন করার নিমিত্ত নিম্নরূপভাবে একটি জেলা কমিটি গঠন করতে হবে।

জেলা প্রশাসক ----- সভাপতি

জেলা শিক্ষা কর্মকর্তা ----- সদস্য

জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ----- সদস্য

জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ----- সদস্য

জেলা শিশু বিষয়ক কর্মকর্তা ----- সদস্য

জেলা সংস্কৃতি বিষয়ক কর্মকর্তা ----- সদস্য-সচিব

কমিটির কর্মপরিধিঃ (১) জেলা পর্যায়ের প্রতিযোগিতা অনুষ্ঠানের স্থান নির্ধারণ।

(২) প্রতি গ্রুপের বিভিন্ন বিষয়ের প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্ন করণ।

(৩) কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনে সদস্য কো-অপ্ট করণ।

০৪। বর্ণিত প্রতিযোগিতা বাস্তবায়নের নিমিত্ত মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রত্যেক জেলা ও উপজেলায় আলাদাভাবে বরাদ্দ প্রদান করা হবে।

০৫। কোভিড-১৯ বিষয়ক সর্বশেষ সরকারী নির্দেশনা ও স্বাস্থ্যবিধি অনুসরণ করে অনুষ্ঠান বাস্তবায়ন করতে হবে।

০৬। যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ পত্র জারী করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে।



৩১-১-২০২২

মোঃ সাহাদৎ হোসেন

উপসচিব

বিতরণ :

১) জেলা প্রশাসক (সকল)

২) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০০.৩৩.০০১.২২.৩০৫/১(১৪)

তারিখ: ১৭ মাঘ ১৪২৮
৩১ জানুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয় ও সদস্য-সচিব, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি
- ২) অতিরিক্ত সচিব, অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
- ৩) বিভাগীয় কমিশনার (সকল)
- ৪) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৫) একান্ত সচিব, মুখ্য সচিবের দপ্তর, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৬) মন্ত্রীর একান্ত সচিব (উপসচিব), মাননীয় মন্ত্রীর দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
- ৭) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়



৩১-১-২০২২
মোঃ সাহাদৎ হোসেন
উপসচিব